

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সিটিজেন চার্টার সভার কার্যবিবরণী

সভাপতি : এ জে এম আব্দুল্যাহেল বাকী, পরিচালক (যুগ্মসচিব), লাইব্রেরি, উন্নয়ন ও আইসিটি, গণগ্রন্থাগার অধিদপ্তর।

তারিখ ও সময় : ১১-২-২০২০ ও দুপুর ৩.৩০ টা

স্থান : গণগ্রন্থাগার অধিদপ্তরের সভাকক্ষ

উপস্থিত কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা পরিশিষ্ট ক স: দ্র:।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ২০১৯-২০ অর্থ বছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১.৪ কার্যক্রমের ক্রমিক নং ১.৪.১, ১.৪.২ ও ১.৪.৩ মোতাবেক সূচকের বিষয়াদি উপস্থাপনের সদস্য-সচিবকে জন্য অনুরোধ জানান।

আলোচ্য সূচী – ১.৪.১ : সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।

আলোচনা : এ বিষয় সদস্যসচিব জানান ১৫-১২-২০১৯ তারিখে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। বর্তমানে নাগরিক সেবাসমূহের মধ্যে ৩নং ক্রমিকে বই সেবা প্রদানের জন্য আগ্রহী পাঠকদেরকে হার্ড কপি(ফরম)দেয়া হতো। বর্তমানে একসেবা চালু হওয়ায় অনলাইনে ফরম পূরণ করা যাবে। এ ক্ষেত্রে একসেবা বিষয়টি পাঠকদেরকে অবগত করার জন্য সেবাপ্রদান প্রতিশ্রুতি সংশোধন প্রয়োজন। তাছাড়া অনলাইনে বই তালিকা দাখিলের বিষয়টি দাপ্তরিক সেবার মধ্যে সংযোজন করতে হবে।

সিদ্ধান্ত : সেবাপ্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার পদক্ষেপ নিতে হবে।

আলোচ্য সূচী -১.৪.২ : প্রতি তিন মাস অন্তর ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয় দাখিল করতে হবে।

আলোচনা : যেহেতু প্রতি তিন মাস অন্তর ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রণালয় দাখিল করা নির্দেশনা রয়েছে। সেহেতু সংশোধিত প্রতিবেদন আগামী ৩য় কোয়ার্টার (জানু-মার্চ/২০২০) প্রতিবেদন মন্ত্রণালয় প্রেরণ করতে হবে আলোচনা হয়।

সিদ্ধান্ত : ৩য় কোয়ার্টার (জানু-মার্চ/২০২০) প্রতিবেদন মন্ত্রণালয় প্রেরণ করতে হবে।

আলোচ্য সূচী –১.৪.৩ : সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালু করা।

আলোচনা : স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অংশীজনদেরকে, প্রাতিষ্ঠানিক কর্মকর্তাদেরকে ও স্টেকহোল্ডারকে নিয়ে সভার আয়োজন করা হয় মর্মে সদস্য সচিব জানান। তিনি জানান অধিদপ্তরের অধীন শওকত ওসমান স্মৃতি মিলনায়ন ও ভিপিআই সেমিনার হলের শব্দযন্ত্র ও আলোকযন্ত্র উন্নত করার জন্য দর্শকগণ মতামত প্রকাশ করেন। সেবাগ্রহীতাদের মতামত পর্যালোচনা করে গণপূর্ত অধিদপ্তরকে অবগতি ও প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার বিষয় পত্র দিতে হবে। এ বিষয় প্রশাসন ও হিসাব শাখার সহকারী পরিচালককে পদক্ষেপ গ্রহণের জন্য সভা আলোচনা হয়।

সিদ্ধান্ত : প্রশাসন ও হিসাব শাখার সহকারী পরিচালককে পদক্ষেপ গ্রহণের জন্য পত্র দিতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করেন।


(এ জে এম আব্দুল্যাহেল বাকী)
পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইসিটি)
গণগ্রন্থাগার অধিদপ্তর।

নং ৪৩.২৬.০০০০.০০১.০৬.৬৭০.১৫(অংশ-১) -২৭০(৭)

তারিখ: ২২/০২/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জনাব ফাতেমা খাতুন, লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক, গণগ্রন্থাগার
- ২। জনাব মোহাম্মদ হামিদুর রহমান, সহকারী পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ৩। কম্পিউটার অপারেটর, গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী(মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৫। পরিচালক (প্র: ও হি) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
- ৬। পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইসিটি) মহোদয়ের সদয় জ্ঞাতার্থে, গণগ্রন্থাগার অধিদপ্তর।
- ৭। অফিস কপি।



(ফাতেম খাতুন)

লাইব্রেরিয়ান/ সহকারী পরিচালক
(সদস্য সচিব)